আজকের কাগজ

তারিখ 27 NOV 1992
পৃষ্ঠা ১৬ কলাম ১৩

12

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহিংস ঘটনাকে কেন্দ্র করে হত ১ আহত ৪৫

ঝিনাইদহ থেকে সাইফুল মাহমুদ ও নিজাম উদ্দিন জোয়ারদার : ইসলামী বিশ্ববিদ্যালয়ের গত বুধবারের সহিংস ঘটনাকে কেন্দ্র করে গতকাল ঝিনাইদহে একজন নিহত এবং কমপক্ষে ৪৫ জন আহত হয়েছে। পুলিশ ছাত্রমৈত্রীর জেলা সভাপতি নাসিরুল ইসলামসহ ৫ জনকে গ্রেপ্তার করেছে।

গতকাল সকাল সাড়ে ৯টায় ঝিনাইদহ সরকারি কেসি কলেজে ছাত্রঐক্য ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। এতে উভয় পক্ষের ১১ জন আহত হয়। গুরুতর আহত অবস্থায় ১ জনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ৪ কিলোমিটার দূরে হরি নারায়ণপুর গ্রামে ২০/২৫ জনের একটি সন্ত্রাসী দল বুধবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের ছাত্র সাইফুল ইসলামকে কুপিয়ে হত্যা করে এবং বিপ্লব নামের একজন ছাত্রকে আহত করে।

এই ঘটনার পর স্থানীয় অগ্রণী ব্যাংক চত্বরে ছাত্রশিবির একটি প্রতিবাদ সভার আয়োজন করে। সভায় শিবিরের কেন্দ্রীয় সভাপতি আজম উবায়দুল্লাহ নিহত সাইফুল ইসলামকে শিবির কর্মী বলে দাবি করে।

একই সময়ে স্থানীয় পোস্ট অফিস চত্বরে ছাত্রঐক্য অনুরূপ আরেকটি প্রতিবাদসভা করে। সভাশেষে মিছিল করে শহর প্রদক্ষিণ করার সময় পুলিশ অতর্কিতে মিছিলের ওপর হামলা চালায়। এতে ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষ বেধে যায়। একপর্যায়ে ছাত্ররা পুলিশ ভ্যানসহ ১৬টি গাড়ি ভাংচুর করে।

ঝিনাইদহ শহরে চরম উত্তেজনা বিরাজ করছে। ছাত্রঐক্য, ছাত্রদল, ছাত্রমৈত্রী, ছাত্রলীগ (ম-ই), জাতীয় ছাত্রদল প্রতিবাদ সভা করে ঘটনার নিন্দা ও দোষী ব্যক্তিদের শাস্তির দাবি এবং আটক ব্যক্তিদের নিঃশর্ত মুক্তি দাবি করেছে।